



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী
সাধারণ শাখা
www.rajbari.gov.bd


তথ্য অধিকার আইন বাস্তবায়নে জেলা অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির ফেব্রুয়ারি ২০২৫ মাসের সভার
কার্যবিবরণী

| | |
|------------|---|
| সভাপতি | সুলতানা আক্তার জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২০ ফেব্রুয়ারি ২০২৫ |
| সভার সময় | সকাল ১১:৩০ |
| স্থান | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী |
| উপস্থিতি | (সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত আছে) |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজবাড়ী তথ্য অধিকার বাস্তবায়নে জেলা অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির সভার বিগত মাসের কার্যবিবরণী পাঠ করে শোনান এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|------|--|--|--|
| ১ | তথ্য কমিশনের নির্দেশনা অনুসরণে সকল দপ্তরসমূহ থেকে বিনামূল্যে যে সকল তথ্য সরবরাহ করা হবে তার একটি তালিকা প্রস্তুত করে প্রকাশ এবং প্রচার করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | তথ্য কমিশনের নির্দেশনা অনুসরণে সকল দপ্তরসমূহ থেকে বিনামূল্যে যে সকল তথ্য সরবরাহ করা হবে তার একটি তালিকা প্রস্তুত করে প্রকাশ এবং প্রচার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। জেলা পর্যায়ের সকল দপ্তরপ্রধান, ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী |
| ২ | তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণের জেলা ও উপজেলা কমিটি এবং বিভিন্ন সরকারি/বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয় করার বিষয়ে আলোচনা করা হয়। | তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণের জেলা ও উপজেলা কমিটি এবং বিভিন্ন সরকারি/বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয় করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জেলা পর্যায়ের সকল দপ্তরপ্রধান, ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী |
| ৩ | সভায় তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী চাহিত তথ্য প্রদানের নিমিত্ত নির্ধারিত ফরমে আবেদন করার জন্য জনগণকে উদ্বুদ্ধ করার বিষয়ে আলোচনা করা হয়। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী চাহিত তথ্য প্রদানের নিমিত্ত নির্ধারিত ফরমে আবেদন করার জন্য জনগণকে উদ্বুদ্ধ করতে হবে। | ১। জেলা পর্যায়ের সকল দপ্তরপ্রধান, ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



২৫-০৩-২০২৫

সুলতানা আক্তার

জেলা প্রশাসক

০২-৪৭৮৮০৭৫৩৩ (ফোন)

০২-৪৭৮৮০৮০৫৯ (ফ্যাক্স)

dcrajbari@mopa.gov.bd

তারিখ: ১১ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ০৫.৩০.৮২০০.০০০.০২৩.৩৫.০০০১.২৪.১৩১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব (রপটিন দায়িত্ব), তথ্য কমিশন বাংলাদেশ।
- ৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজবাড়ী।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী।
- ৭। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী (কার্যবিবরণী জেলার ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।



২৫-০৩-২০২৫

সুলতানা আক্তার

জেলা প্রশাসক